

## 💵 আর-রাহীকুল মাখতূম

विভাগ/অধ্যায়ঃ খায়বার ও ওয়ाদिल কুরা যুদ্ধ (মুহাররম, ৭ম হিজরী) ۷ غَزْوَةُ خَيْبَرَ وَوَادِيْ الْقُرٰي (في المحرم سنة ۷

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

খায়বার युक्त मू'मलात প্রাণহানি (مَثْلَى الْفَرِيْقَيْن فِيْ مَعَارِك خَيْبَر):

খায়বারের বিভিন্ন সংঘর্ষে সর্ব মোট শহীদ মুসলিমগণের সংখ্যা ছিল ষোল জন। বনু কুরাইশের চার জন, বনু আশজা'র এক জন, বনু আসলামের এক জন, খায়বার অধিবাসীদের মধ্যে হতে এক জন এবং বাকীরা অন্যান্য আনসার গোত্রের। তাছাড়া আঠার জনের কথাও বলা হয়ে থাকে। আল্লামা মানসুরপুরী উনিশ জনের কথা উল্লেখ করেছেন। অতঃপর তিনি লিখেছেন যে, আমি অম্বেষণ করে তেইশ জনের নাম পেয়েছি। যানীফ বিন ওয়ায়েলার নাম শুধু ওয়াকিদী উল্লেখ করেছেন। তাবারী বলেছেন শুধু যানীফ বিন হাবীবের নাম। বিশর বিন বারা বিন মারুরের মৃত্যু হয়েছিল যুদ্ধশেষে সে বিষ মিশ্রিত মাংস খাওয়ার ফলে যা যায়নাব ইহুদীয়া পাঠিয়েছিল রাসূলুল্লাহ (ﷺ) এর নিকট উপটোকনস্বরূপ। বিশর বিন আব্দুল মুন্যির সম্পর্কে দুটি বর্ণনা রয়েছে। ১. তিনি বদর যুদ্ধে শহীদ হয়েছিলেন, ২. খায়বার যুদ্ধে শহীদ হয়েছিলেন। আমার মতে প্রথম মতটি অধিক শক্তিশালী ও সমর্থন্যোগ্য।[1] অন্যু পক্ষ অর্থাৎ ইহুদীগণের মৃত্যুর সংখ্যা ছিল তিরানব্বই।

## ফুটনোট

[1] রহমাতুল্লিল আলামীন ২য় খন্ড ২৬৮-২৭০ পৃঃ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=6356

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন